

## **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪০৮৮

পর্ব-২০: শিকার ও যাবাহ প্রসঙ্গে (حتاب الصيد والذبائح)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

الْفَصْلُ الثَّانِي

আরবী

وَعَنْ أَبِي الدَّرْدَاءِ قَالَ: نَهَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ أَكْلِ الْمُجَثَّمَةِ وهيَ النَّبِي الدَّرْدِاءِ قَالَ: رَوَاهُ التِّرْمِذِيِّ

বাংলা

৪০৮৮-[২৫] আবুদ্ দারদা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মুজাসসামাহ্ খেতে নিষেধ করেছেন। আর তা হলো, পশু বা পাখিকে বেঁধে রেখে দূর হতে তীর নিক্ষেপ করে হত্যা করা। (তিরমিযী)[1]

## ফুটনোট

[1] সহীহ : তিরমিয়ী ১৪৭৩, সিলসিলাতুস্ সহীহাহ্ ২৩৯১, সহীহুল জামি' ৬৮৫৭, সহীহ ও য'ঈফ আল জামি' আস্ সগীর ১২৮১৩, মুসনাদে ইবনু আবৃ শায়বাহ্ ৫০।

## ব্যাখ্যা

ব্যাখ্যাঃ হাদীসে উল্লেখিত শব্দ (الْمُجَنَّمَةِ) 'মুজাসসামাহ্' সম্পর্কে নিহায়াহ্ গ্রন্থে বলা হয়েছে, (الْمُجَنَّمَةِ) হলো এমন প্রাণী যাকে আটকিয়ে রেখে তীর মেরে হত্যা করা হয়। আর এটা পাখি, খরগোশ এ জাতীয় প্রাণীর ক্ষেত্রেই বেশিরভাগ হয়ে থাকে।

وهي الَّتِي تُصْبَرُ بِالنَّبِلِ) এ বাক্যটি মূলত ব্যবহার করা হয়েছে (الْمُجَتَّمَةُ) শন্দের ব্যাখ্যা দেয়ার জন্য। আর এ ব্যাখ্যা দিয়েছেন হাদীসের একজন রাবী। বাক্যটি দ্বারা তিনি বুঝিয়েছেন। (الْمُجَتَّمَةُ) হলো যাকে আটকিয়ে রেখে তীর মেরে হত্যা করা হয়। আর সেই প্রাণী মৃত্যুবরণ না করা পর্যন্ত সেভাবেই রেখে দেয়া হয়। এ ধরনের কাজ থেকেই হাদীসে নিষেধ করা হয়েছে। কেননা এভাবে হত্যা করাটা শারী আহ্হাতভাবে কোন যাবাহ হয় না।



(মিরকাতুল মাফাতীহ; তুহফাতুল আহ্ওয়াযী ৪র্থ খন্ড, হাঃ ১৪৭৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবুদ দারদা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন